

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৪৬-আইন/২০২২/৯৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
32.14	3214.10.00	RTV Seelant
38.10	3810.90.10	Soldering flux
39.20	3920.10.90	Ethylene vinyl acetate (EVA)
	3920.10.90	Blak EVA
	3920.62.90	Bus insulator
39.21	3921.19.90	Plastic sheet for solar module back side and/or front side
39.26	3926.90.99	Junction box
	3926.90.99	Tedlar
70.07	7007.19.00	Glass cover of Solar Panel of different size and thickness required for manufacturing Solar Panel
70.20	7020.00.90	Glass Washers (Glass Cover of Solar Cell Module)
76.16	7610.90.90	Aluminium frame for solar module
84.22	8422.40.00	Laminating Machine for Inter-connected Solar Cell Lamination
84.28	8428.90.00	Vacuum pick-up machine
84.84	8484.90.00	Edge gasket
84.68	8468.80.00	Solar Cell Stringer
85.41	8541.42.00	Photovoltaic cells not assembled in modules or made up into panels

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
	8541.43.00	Photovoltaic cells assembled in modules or made up into panels
85.44	8544.49.00	Inter Connect Ribbon For Inter-connecting Solar Cells
90.30	9030.33.00	Sun Simulator
	9030.39.00	
	9030.89.00	
	9030.89.00	Module testing machine
	9031.80.00	

শর্তাবলি

- (১) আমদানিকারককে Solar Panel Manufacturing Plant হিসাবে বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত হইতে হইবে।
- (২) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ Solar Panel Manufacturing এর কাজে ব্যবহার করিতে হইবে।
- (৩) আমদানিকৃত উপকরণ খালাসের পর উহা অন্যবিধ কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপণীয় শুল্ক-কর প্রদানসহ Customs Act, 1969 (Act No. IV of 1969) এর অধীনে গৃহীত আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারককে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঞ্জীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর নিকট দাখিল করিতে হইবে।
- (৪) আমদানিকৃত উপকরণ Solar Panel Manufacturing -এ নিয়োজিত প্রতিষ্ঠানের কাঁচামাল রেজিস্টারে এন্ট্রি হইয়াছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগের বিভাগীয় কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী প্রদত্ত প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট কাস্টম হাউসের কমিশনার বরাবরে দাখিল করা হইলে অঞ্জীকারনামা ফেরতযোগ্য হইবে:

তবে শর্ত থাকে যে, যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে উক্তরূপ প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট কাস্টম হাউসে দাখিল করিতে আমদানিকারক ব্যর্থ হইলে আমদানিকৃত উপকরণের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের চেয়ে কম প্রদত্ত শুল্ক-কর আদায়যোগ্য হইবে।

২। ১০ জুন, ২০০৪ খ্রিস্টাব্দ মোতাবেক ২৭ জ্যৈষ্ঠ, ১৪১১ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৫-আইন/২০০৪/২০৪৭/শুল্ক এতদ্বারা রহিত করা হলো।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট-১**[শর্ত (৩) দ্রষ্টব্য]****অঞ্জীকারনামা**

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----
 ----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই
 মর্মে অঞ্জীকার করিতেছি যে, ঋণপত্র নং ----- তারিখ: ----- ইনভয়েস নং -----
 তারিখঃ ----- বি এল/ এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----- তারিখঃ -----
 এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ Solar Panel
 Manufacturing এর কাজে ব্যবহার করিব। এর কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত
 উক্ত পণ্যের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের শুল্ক-কর পরিশোধ ছাড়াও The Customs
 Act, 1969 (Act No. IV of 1969) এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য
 যেকোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষরঃ

তারিখঃ মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নামঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ

পরিশিষ্ট-২**[শর্ত (২) দ্রষ্টব্য]****প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -----
 (সম্পূর্ণ ঠিকানা দিতে হইবে) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত Solar Panel
 Manufacturing Plant এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং -----
 তারিখঃ ----- এর আওতায় ইনভয়েস নং -----
 তারিখঃ ----- বিল অব এন্ট্রি নং ----- তারিখঃ ----- এর
 মাধ্যমে আমদানিকৃত উপকরণ সম্পূর্ণ পরিমাণে/ ----- পরিমাণে উল্লিখিত
 প্রতিষ্ঠানের Solar Panel প্রস্তুতের কাজে ব্যবহার করা হইয়াছে।

স্বাক্ষরঃ

নামঃ

তারিখঃ বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ

সীলঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব।